



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
গোদাগাড়ী রাজশাহী।



স্মারক নম্বর: ৪১.০১.৮১৩৪.০০০.০১৬.০০০৬.২৬.৩৭৪

তারিখ: ৩০শে ভাদ্র ১৪৩৩  
১৪ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: “ফ্যামিলি কার্ড শুমারী-২০২৬ এর শুমারীকালীন ‘তথ্য সংগ্রহকারী’ ও ‘সুপারভাইজার’ পদে চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তিগণের আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে নির্ধারিত ওয়েবসাইটে গিয়ে নিজ প্রোফাইল হালনাগাদ করে দাখিল প্রসঙ্গে।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা অধিশাখার স্মারক নং- ৪১.০১.০০০০.০০০.০৪৯.৯৯.০০১৪,২৬.৮২১,  
তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফ্যামিলি কার্ড শুমারী-২০২৬ এর শুমারীকালীন ‘তথ্য সংগ্রহকারী’ ও ‘সুপারভাইজার’ পদে চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তিগণকে উপজেলা সমাজসেবা কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী হতে আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে নির্ধারিত ওয়েবসাইটে গিয়ে নিজ প্রোফাইল হালনাগাদ করে দাখিল করতে হবে।

নিজ প্রোফাইল হালনাগাদ করতে যে সকল তথ্যের প্রয়োজন হবে:

| ক্র: নং | নিজ প্রোফাইল হালনাগাদের জন্য প্রয়োজনীয় তথ্য |                           |                                                                                                                             |
|---------|-----------------------------------------------|---------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১       | আবশ্যিক তথ্য                                  |                           | তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণের সঠিক ইংরেজি নাম<br>তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণের সঠিক ই-মেইল আইডি                     |
| ২       | অন্যান্য তথ্য                                 | পদ ও এলাকার তথ্য          | পদের নাম, ওয়ার্ড, ইউনিয়ন, গণনা এলাকা (ফৌকা রাখা যাবে, তথ্য পাওয়ার পর এডিট করে তথ্য দেওয়া যাবে)                          |
|         |                                               | আবেদনকারীর ব্যক্তিগত তথ্য | পূর্ণ নাম, পিতা/স্বামী ও মাতার নাম, জন্ম তারিখ ও এনআইডি নং, মোবাইল নং, রক্তের গ্রুপ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, লিঙ্গ ও ধর্ম |
|         |                                               | শিক্ষাগত ও পেশাগত তথ্য    | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা, পরীক্ষার নাম ও পাসের সাল, প্রতিষ্ঠানের নাম ও বর্তমান পেশা                                        |
|         |                                               | পূর্ব অভিজ্ঞতা            | হ্যাঁ/না                                                                                                                    |
|         |                                               | প্রযুক্তিগত দক্ষতা        | স্মার্টফোন/ট্যাবলেট ব্যবহারের দক্ষতা, ইন্টারনেট ব্যবহারে অভিজ্ঞতা                                                           |
|         |                                               | ভাষাগত দক্ষতা             | বাংলা ভাষা ও স্থানীয়/স্কুদ্র নৃ-গোষ্ঠী ভাষা                                                                                |
|         |                                               | ছবি ও স্বাক্ষর            | সত্যায়িত ছবি ও স্বাক্ষর (স্ক্যানকৃত)                                                                                       |
|         |                                               | অঙ্গীকার ও দাখিল          | অঙ্গীকার ও ঘোষণায় টিক দিয়ে আবেদন সাবমিট                                                                                   |

আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের সময় ও স্থান: ১৫ সেপ্টেম্বর ২০২৬, সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত  
উপজেলা সমাজসেবা কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।

নিজ প্রোফাইল হালনাগাদের সময়: ১৬ সেপ্টেম্বর ২০২৬ বেলা ১২.০০ টার মধ্যে হালনাগাদ করতে হবে। কোনক্রমেই নির্দিষ্ট সময়ের পরে তথ্য হালনাগাদ করা যাবেনা।

ওয়েবসাইটের ঠিকানা: <https://www.fcportal.cloud/login>

আবেদন দাখিল করার পূর্বে আবশ্যিক তথ্যসহ অন্যান্য সকল তথ্য সম্পূর্ণভাবে পূরণ করতে হবে।

এমতাবস্থায়, “ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারীকালীন ‘তথ্য সংগ্রহকারী’ ও ‘সুপারভাইজার’ পদে নিযুক্ত ব্যক্তিদেরকে উপজেলা সমাজসেবা কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী থেকে আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে নির্ধারিত সময়ে নিজ প্রোফাইল হালনাগাদপূর্বক দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বিশেষ দৃষ্টব্য: ( সশো যা নিয়ে আসতে হবে)

- ১। জাতীয় পরিচয়পত্র (মূল ও সত্যায়িত ফটোকপি)
- ২। সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ (মূল ও সত্যায়িত ফটোকপি)
- ৩। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের রঞ্জীণ ছবি।
- ৪। হোয়াইটস অ্যাপ চালু মোবাইল নাম্বার

১৫.৯.২৬

(মোহাঃ আব্দুল মান্নিক)

উপজেলা সমাজসেবা অফিসার

গোদাগাড়ী, রাজশাহী।

ও

সদস্য-সচিব

ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর সুপারভাইজার ও

তথ্যসংগ্রহকারী নির্বাচন সংক্রান্ত কমিটি

ফোন: ০২৫৮৮৮৭৯৩৭২

ই-মেইল: usso.godagari.raj@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব -----, সুপারভাইজার, ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম, গোদাগাড়ী, রাজশাহী।
- ২। জনাব -----, তথ্য সংগ্রহকারী, ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম, গোদাগাড়ী, রাজশাহী।

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): ও বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৫২, রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর)।
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
- ৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ৬। প্রশাসক, গোদাগাড়ী পৌরসভা/কৌকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), গোদাগাড়ী, রাজশাহী।
- ৮। অফিসার ইনচার্জ, গোদাগাড়ী মডেল থানা, গোদাগাড়ী, রাজশাহী।
- ৯। সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, গোদাগাড়ী, রাজশাহী।
- ১০। সদস্য ....., ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
- ১১। সদস্য, ....., ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
- ১২। উপজেলা, ..... কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।
- ১৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিসদ (সকল), গোদাগাড়ী, রাজশাহী।
- ১৫। দফতর নথি।